ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-২৪৮৪</u>
আগরতলা,২২ আগস্ট,২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

‘‘ছয় লক্ষ টাকা বিল ধরিয়ে আটকে রাখা হল মৃতদেহ,’’ এই শিরোনামে গত ১২ আগস্ট, ২০২৫ ত্রিপুরা দর্পণ পত্রিকায় প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদটির পরিপ্রেক্ষিতে, পশ্চিম জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের নির্দেশে তদন্তের জন্য পাঁচ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। উক্ত তদন্ত কমিটির রিপোর্ট অনুসারে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, তদন্ত কমিটি গত ১৪ আগস্ট, ২০২৫ তারিখে আগরতলার আইএলএস হাসপাতাল সরেজমিন পরিদর্শন করেন। তদন্ত চলাকালীন, কমিটি হাসপাতালের ডেপুটি মেডিক্যাল সুপারিনটেনডেন্ট ডাঃ অর্চনা জৈন দত্ত-এর সঙ্গে আলোচনায় অংশগ্রহণ করেন। পরবর্তীতে পর্যবেক্ষণের মাধ্যমে নিশ্চিত হন যে, সংবাদে উল্লিখিত ‘‘অমিত দেববর্মা’’ নামে কোনো রোগী উক্ত সময়কালে আইএলএস হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন না।

*****